চাটমোহর উপজেলা চত্বর থেকে মোটর সাইকেল চুরি

চাটমোহর প্রতিনিধি: পাবনার
চাটমোহর উপজেলা পরিষদ চত্বর থেকে
এবার দিনে দুপুরে চুরি হলো একটি
মোটর সাইকেল। সিসি ক্যামেরায়
নিয়ন্ত্রিত উপজেলা পরিষদ চত্বর থেকে
বুধবার (২৭ এপ্রিল) সকাল সাড়ে ১০টার
দিকে ডিসকভারী-১০০ সিসি একটি মোটর
সাইকেল চুরি হয়।

উপজেলার হান্ডিয়াল হাইস্কুলের কম্পিউটার শিক্ষক মোঃ ইব্রাহীম হোসেন উপজেলা পরিষদ মিলনায়তনে একটি প্রশিক্ষণে অংশ নিতে আসেন। তার মোটর সাইকেলটি অডিটোরিয়ামের সামনে রেখে প্রশিক্ষণে অংশ নিতে যান। ফিরে এসে দেখেন তার মোটর সাইকেলটি নেই।

তাৎক্ষনিক বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানানো হয় এবং থানায় জানানো হয়।

চাটমোহরে দীর্ঘদিন যাবত একের পর এক মোটর সাইকেল চুরির ঘটনা ঘটলেও আজ অবধি এ ব্যাপারে কোন চোর আটক বা চুরির ক্লু উদ্ধার করতে পারেনি পুলিশ।

বরং পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, মোটর সাইকেলের রেজিস্ট্রিশন করে নিজ নিরাপত্তায় রাখতে হবে। থানার এসআই, গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা, শিক্ষক, ব্যবসায়ীসহ নানা পেশার মানুষের মোটর সাইকেল চুরির ঘটনা ঘটেছে। থানায় মামলা হয়েছে। কিন্তু মোটর সাইকেল চুরির সাথে জড়িতদের আটক কিংবা মোটর সাইকেল উদ্ধার করা সম্ভব হয়নি।

এবার সিসি ক্যামেরায় নিয়ন্ত্রিত উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় এলাকা থেকে মোটর সাইকেল চুরির ঘটনা ঘটলো।